Date & Time of E-auction : 09.09.2026 From 11.30 A.M. to 1:30 P.M.; Last Date of EMD : 08.09.2026 up to 5:00 P.M.

(For Sl. No. 2)
Date & Time of E-auction : 10.09.2026 From 11.30 A.M. to 1:30 P.M.; Last Date of EMD : 09.09.2026 up to 5:00 P.M.

(For Sl. No. 3)
Date & Time of E-auction : 11.09.2026 From 11.30 A.M. to 1:30 P.M.; Last Date of EMD : 10.09.2026 up to 5:00 P.M.

- : Terms & Conditions :-

1. The assets will be sold in "**as is where is**" , "**as is what is**" and "**whatever there is**" condition.
2. The asset will not be sold below the Reserve Price.
3. In case of single bidder, the bidder / purchaser has to bid with an increment.
4. Auction/bidding shall only by "**online electronic mode**" through the website of the service provider i.e **BAANKNET.com (https://baanknet.com/)**
5. EMD amount of 10% of the Reserve Price is to be deposited in E-Wallet of **M/s. PSB Alliance Private Limited [BAANKNET.com (https://baanknet.com/)]** portal directly or by generating the Challan therein to deposit the EMD through RTGS / NEFT in the account details as mentioned in the said challan on or before **08.09.2026 (For Sl. No. 1), 09.09.2026 (For Sl. No. 2) & 10.09.2026 (For Sl. No. 3) till 5.00 P.M.**
6. The contact details of the service provider **M/s. PSB Alliance Pvt. Ltd. [BAANKNET.com (https://baanknet.com/)], Contact Nos. 70466 12345 / 63549 10172 / 82912 20220 / 98922 19848 / 8160205051, E-mail ID : support.BAANKNET@psballiance.com**
7. The assets can be inspected from **02.09.2026 to 07.09.2026 (For Sl. No. 1), 03.09.2026 to 08.09.2026 (For Sl. No. 2) & 03.09.2026 to 09.09.2026 (For Sl. No. 3) between 12.00 Noon to 4.00 P.M.** after consulting branch officials.
8. The successful purchaser / highest bidder shall deposit 25% of the sale price (inclusive of EMD already paid), immediately on declaration of highest / successful and the balance 75% of the sale proceeds will be paid within 15 days from the date of confirmation of sale. If the successful bidder / purchaser fails to pay the sale price as stated above, the deposit made by him shall be forfeited.
9. All charges for stamp duty and registration charges, any statutory dues / rates/ taxes / registration fee / miscellaneous expenses/ government dues/ dues of any authority etc. As applicable shall be borne by the successful bidder / purchaser only.
10. This is also a notice to the borrower and guarantors of the above said loan about holding of auction sale on the above mentioned date, time and venue, if their outstanding dues are not paid in full.
11. The borrower / guarantor are hereby notified to pay the sum as mentioned above along with upto date interest and ancillary expenses before the date of eauction, failing which the property will be auctioned/sold and balances dues, if any with interest and cost.
12. Bank reserves its right to accept / reject any or all of the offers or bid/s so received or cancel the sale without assigning any reason thereof.
13. Further details available on Canara Bank website **www.canarabank.com**

Date : 29.07.2026
Place : Kolkata

Authorised Officer
Canara Bank

NILE LIMITED

An ISO 9001 Company

CIN: L27029AP1984PLC004719
Regd. Office: Plot No 38 & 40, APIIC Industrial Park, Gajulamandyam (V), Renigunta (M),Tirupati - 517520, Chittoor Dist., Andhra Pradesh
Corp.Office: Plot No.24A/A, MLA Colony, Rd. No.12, Banjara Hills, Hyderabad- 500 034, Telangana. Ph.: 040-23606641, Fax: 040-23606640
E-mail: legal@nilelimited.com; Website: www.nilelimited.com

NOTICE TO SHAREHOLDERS
Transfer of shares to IEPF

In terms of Section 124(6) of the Companies Act, 2013 ('the Act'), read with Investors Education Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016, ('the Rules') the Company will transfer those equity shares to the Investor Education and Protection Fund (IEPF), in respect of which dividend amounts have not been claimed and/or paid for seven consecutive years or more.

As per the Rules, the Company sent letters to those shareholders who did not claim/not encash dividend instruments for the last seven years, and whose shares are proposed to be transferred to the IEPF, unless they claim the unclaimed and unpaid dividends on or before 30.10.2026. The details of such shares are also displayed on the website of the Company (www.nilelimited.com).

Therefore, Notice is hereby given to all such shareholders to take appropriate action and submit the requisite documents to claim such unclaimed/unpaid dividends declared by the Company for FY 2019-20 onwards immediately. In the absence of receipt of a valid claim along with the required documents from the concerned shareholder, the Company will proceed to transfer the said shares to the IEPF without further notice.

No claim shall lie against the Company in respect of the unclaimed dividend amount and shares transferred to IEPF after that. However, the shareholders can claim the shares transferred to IEPF by complying with the due procedure given in the Rules, details of which are available at "www.iepf.gov.in".

For any information/clarification on the matter, the concerned shareholder may contact the Company or XL Softech Systems Ltd., Registrar and Transfer Agent (RTA) at # 3, Sagar Society, Banjara Hills, Hyderabad, Telangana, India- 500034, E-mail: xlfield@gmail.com.

For Nile Limited
Sd/-
Rajani K
Company Secretary

Place: Hyderabad
Date: 29th July, 2026

হাওড়ার ডুমুরজলায় মোহনবাগান দিবস পালন

নিজস্ব সংবাদদাতা,,হাওড়া, ২৯ জুলাই ঃ ডুমুরজলা মোহনবাগান ফ্যানস অ্যাসোসিয়েশনের উদ্যোগে বুধবার যথাযোগ্য মর্যাদায় পালিত হল চতুর্থ বর্ষ 'মোহনবাগান দিবস'। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশনের সভাপতি ডাঃ সুজয় কুণ্ডু, অন্যতম উপদেষ্টা ডাঃ সুজয় চক্রবর্তী এবং সংগঠনের অন্যান্য সদস্যরা। কর্মসূচির সূচনায় প্রয়াত প্রাক্তন মোহনবাগান কর্মকর্তা টুটু বসুর স্মৃতিতে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে মোহনবাগানের অমর একাদশের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে ফুটবলারদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত সদস্যরা মোহনবাগান দিবসের ঐতিহাসিক গুরুত্ব, ক্লাবের গৌরবময় ঐতিহ্য এবং ভারতীয় ফুটবলে তার অবদানের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। বক্তাদের বক্তব্যে উঠে আসে আগামী প্রজন্মের কাছে মোহনবাগানের ইতিহাস ও আদর্শ পৌঁছে দেওয়ার প্রয়োজনীয়তার কথাও। শুধু স্মৃতিচারণেই সীমাবদ্ধ না থেকে সামাজিক দায়বদ্ধতার বার্তাও তুলে ধরে অ্যাসোসিয়েশন। সেই উদ্যোগের অংশ হিসেবে এলাকার দুটি জুনিয়র ফুটবল কোচিং সেন্টারের হাতেই ফুটবল তুলে দেওয়া হয়েছে। সংগঠনের সদস্যদের মতে, এই উদ্যোগের লক্ষ্য তৃণমূল স্তরে ফুটবলের প্রসার ঘটানো এবং নতুন প্রজন্মকে খেলাধুলোর প্রতি আরও উৎসাহিত করা। এদিন মর্যাদাপূর্ণ ও আবেগঘন পরিবেশে সম্পন্ন হয়েছে গোটা অনুষ্ঠানটি।

বুধবার দক্ষিণবঙ্গে বৃষ্টি কমার সম্ভাবনা, উত্তরবঙ্গে বৃষ্টি বাড়ার পূর্বাভাস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ২৯ জুলাই (হি.স.)ঃ বুধবার থেকে আবহাওয়ার উন্নতির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গে বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা কমবে বলে পূর্বাভাস। তবে উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা বাড়বে। দার্জিলিং-সহ পার্বত্য পাঁচ জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সর্তকতা জারি। শুক্রবার থেকে রবিবার অর্থাৎ সপ্তাহান্তে সেখানে বৃষ্টির সম্ভাবনা ও পরিমাণ বাড়তে পারে। হাওয়া অফিস সূত্রে জানা গেছে, বুধবার থেকে দক্ষিণবঙ্গে দুর্যোগের মেঘ কেটে পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সম্ভাবনা রয়েছে। বুধবার থেকে রবিবার পর্যন্ত দক্ষিণবঙ্গে আপাতত ঝড়বৃষ্টির কোনও সতর্কতা নেই। বৃষ্টির তীব্রতা এবং পরিমাণ কিছুটা কম হতে পারে এ দিন থেকে। তবে, বুধবার থেকে রবিবার বৃষ্টি বাড়বে উত্তরবঙ্গে। উপরের দিকের পাঁচ জেলাতেই ভারী বৃষ্টির হলুদ সর্তকতা। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহারে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। বৃহস্পতিবার ও শুক্রবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগু।তিতে। সপ্তাহান্তে শনি ও রবিবার উত্তরবঙ্গের পাঁচ জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

সম্পত্তি কর আদায়ে ধাক্কা কলকাতা-সহ একাধিক পুরসভায়

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ২৯ জুলাই ঃ রাজ্যের রাজনৈতিক পালাবদলের পর কলকাতা-সহ একাধিক পুরসভার প্রশাসনিক কাঠামোয় বড় পরিবর্তনের প্রভাব এবার স্পষ্ট হতে শুরু করেছে রাজস্ব আদায়ে। পুরসভা সূত্রের খবর, চলতি অর্থবর্ষের প্রথম তিন মাসে সম্পত্তি কর আদায়ের বৃদ্ধির হার নেমে এসেছে মাত্র আড়াই শতাংশে। অথচ গত অর্থবর্ষের একই সময়ে এই বৃদ্ধির হার ছিল ১২ শতাংশেরও বেশি। কর আদায়ের এই উল্লেখযোগ্য পতন পুরসভার আর্থিক অবস্থার উপর সরাসরি প্রভাব ফেলতে শুরু করেছে বলে প্রশাসনিক মহলের একাংশের দাবি। রাজ্যে সরকার পরিবর্তনের পর গত মে মাসে কলকাতা পুরসভার মেয়র পদ থেকে ইস্তফা দেন ফিরহাদ হাকিম। এরপর ৮ জুন কলকাতা পুরসভার নির্বাচিত পুরবোর্ড ভেঙে দেওয়া হয়। সেই সময় থেকেই পুর প্রশাসনের দায়িত্বভার নতুনভাবে সাজানো হয় এবং বিভিন্ন দপ্তরের কর্মীদের অতিরিক্ত সরকারি প্রকল্পের কাজে নিয়োজিত করা হয়। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, জুন মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে সামাজিক কল্যাণ, স্বাস্থ্য, জল সরবরাহ, সিভিল ইঞ্জিনিয়ারিং এবং অ্যাসেসমেঃট বিভাগের বহু কর্মীকে অন্নপূর্ণা যোজনার কাজের দায়িত্ব দেওয়া হয়েছে। ফলে পুরসভার নিয়মিত প্রশাসনিক কাজের উপর তার প্রভাব পড়তে শুরু করেছে। পুরসভা সূত্রের দাবি, কর্মীদের একটি বড় অংশ সরকারি প্রকল্প বাস্তবায়নে ব্যস্ত থাকায় নাগরিক পরিষেবার বিভিন্ন ক্ষেত্রে সমস্যা তৈরি হয়েছে। শহরের বিভিন্ন এলাকায় রাস্তা সংস্কার, জল সরবরাহ সংক্রান্ত কাজ, নির্মাণ ও রক্ষণাবেক্ষণের একাধিক প্রকল্পের গতি কমেছে। পাশাপাশি বর্ষাকালে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কর্মসূচি এবং মাঠপর্যায়ের নজরদারিতেও প্রভাব পড়ছে বলে জানা গিয়েছে। স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির পাশাপাশি অন্যান্য জরুরি পরিষেবাতেও কর্মী সংকটের ছবি সামনে এসেছে। সবচেয়ে বেশি প্রভাব পড়েছে সম্পত্তি কর আদায়ের ক্ষেত্রে। পুরসভার একাংশের আধিকারিকদের মতে, বকেয়া কর আদায়ের জন্য যেভাবে নিয়মিত বাড়ি বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে গিয়ে সরেজমিনে পরিদর্শন করা হয়, বর্তমানে সেই কাজের জন্য প্রয়োজনীয় জনবল পাওয়া যাচ্ছে না। অধিকাংশ কর্মী সরকারি প্রকল্প বাস্তবায়নে ব্যস্ত থাকায় কর সংগ্রহের স্বাভাবিক প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। ফলে রাজস্ব সংগ্রহের গতি কমে যাওয়ার পাশাপাশি পুরসভার আর্থিক পরিকল্পনাতেও চাপ তৈরি হয়েছে। এর আগে কলকাতা পুরসভার ১৪৪টি ওয়ার্ডে বিভিন্ন সরকারি প্রকল্পের বাস্তবায়নে স্থানীয় কাউন্সিলররাই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতেন। স্বাস্থ্যসাথী, লক্ষ্মীর ভাণ্ডার কিংবা দুয়ারে সরকার-সহ একাধিক প্রকল্পের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে অধিকাংশ কাজ সম্পন্ন হওয়ায় পুরসভার স্থায়ী কর্মীদের উপর অতিরিক্ত চাপ পড়ত না। কিন্তু নির্বাচিত পুরবোর্ড ভেঙে যাওয়ার পর সেই দায়িত্বের বড় অংশ এখন পুরসভার বিভিন্ন বিভাগের কর্মীদের কাঁধে এসে পড়েছে। তাঁরা নিয়মিত প্রশাসনিক দায়িত্ব সামলানোর পাশাপাশি বিভিন্ন এলাকায় ঘুরে অন্নপূর্ণা যোজনার কাজও করছেন। এরই মধ্যে আগামী ১ আগস্ট থেকে জনগণনার কাজ শুরু হওয়ার কথা। সেই কাজে পুরসভার বহু কর্মী ও আধিকারিককে যুক্ত করা হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। ফলে আগামী দিনে পুরসভার দৈনঃদিন পরিষেবা এবং রাজস্ব আদায়ের কাজে আরও চাপ বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। শুধু কলকাতা নয়, রাজ্যের অন্যান্য পুরসভাগুলিও একই ধরনের সমস্যার মুখোমুখি হয়েছে বলে পুর ও নগরোন্নয়ন দপ্তর সূত্রে খবর। প্রশাসনিক মহলের মতে, সরকারি প্রকল্প বাস্তবায়ন এবং নাগরিক পরিষেবার মধ্যে ভারসাম্য বজায় রাখাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে।

সাংবাদিকদের নিরাপত্তা ও সুরক্ষা চাই শিল্পীর বাউল গানে

বনস্পতি দে হুগলী, ২৯ জুলাই ঃ জেলার শ্রীরামপুরে রাষ্ট্রপতির সম্মানিত পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউল কেঁদে কেঁদে বলছে বাউল গানে মেরো না, মেরো না সাংবাদিক দের আর মেরো না। সাংবাদিকদের মারলে কেউ খবর শুনতে ,দেখতে ও জানতে পারবে না। প্রতিবাদী কণ্ঠ ডক্টর স্বপন দত্ত বাউল গর্জে উঠলেন সকল সাংবাদিক দের পক্ষে নিরপত্তা সুরক্ষার দাবিতে। গনতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যম ও সাংবাদিক বৃন্দকে রক্ষা করতে গেলে সর্ব প্রথম কাজ রাজ্য সরকার, কেন্দ্র সরকার ও আইন আদালত জেলা প্রশাসন কে গ্রহণ করতে হবে। বাউল বক্তব্যে বলেন আইন আদালত কঠোর হযে.কঠিন শাস্তির ব্যবস্থা না করলে সাংবাদিকদের ও সংবাদ মাধ্যমকে রক্ষা করা যাবে না। ছাত্র আন্দোলনের সময়ে ধর্মতলায় পরিকল্পিত ভাবে একসঙ্গে অনেক সাংবাদিক কে নিগ্রহ ছি ছি এটা লজ্জ্যা জনক, নিন্দনীয় ঘটনা।

ভুয়ো ভিডিও বিতর্কে তোলপাড় রাজ্য রাজনীতি

সৃজন-দেবাঞ্জনদের বিরুদ্ধে 'অ্যান্টিসোশাল তকমা দিলীপের

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৯ জুলাই ঃ নিট প্রশ্নফাঁসের প্রতিবাদে বাম ছাত্র সংগঠনের ডাকা আন্দোলন ঘিরে উত্তপ্ত হয়ে ওঠা ধর্মতলার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর আরও তীব্র হল। কলকাতার মৌলালির বলে একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেওয়ার অভিযোগকে সামনে রেখে এবার বাম নেতৃত্বের বিরুদ্ধে সরব হলেন রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ। তাঁর অভিযোগ, রাঁচির একটি পুরনো ঘটনার ভিডিওকে কলকাতার বলে প্রচার করে রাজ্যকে বদনাম করার চেষ্টা হয়েছে। এই ঘটনাকে অত্যন্ত গুরুতর বলে উল্লেখ করে তিনি বলেন, যারা ইচ্ছাকৃতভাবে ভুয়ো ভিডিও ছড়াচ্ছেন, তাঁদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া উচিত এবং গ্রেপ্তারও করা হবে। গত শুক্রবার নিট প্রশ্নফাঁসের প্রতিবাদে বাম ছাত্র সংগঠনের ডাকে কলকাতার রাজপথে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়েছিল। সেই মিছিল ধর্মতলা এলাকায় পৌঁছতেই উত্তেজনা ছড়িয়ে পড়ে। আন্দোলন চলাকালীন একাধিক সাংবাদিক এবং পুলিশকর্মী আক্রান্ত হওয়ার অভিযোগ ওঠে। ঘটনার পর রাজনৈতিক মহলে শুরু হয় তুমুল বিতর্ক। এরই মধ্যে সামাজিক মাধ্যমে একটি ভিডিও ভাইরাল হয়, যেখানে দেখা যায় বিজেপির পতাকা লাগানো একটি গাড়ির উপর দাঁড়িয়ে কয়েকজন যুবক মিছিল লক্ষ্য করে টমেটো এবং ইট ছুড়ছেন। বামেদের দাবি ছিল, ঘটনাটি কলকাতার মৌলালি এলাকায় ঘটেছে এবং সেই ভিডিওই তারা প্রকাশ করেছে।

তবে পরবর্তী সময়ে ভিডিওটির সত্যতা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। বিভিন্ন মহলে ফ্যাক্ট-চেকের পর দাবি করা হয়, ওই ভিডিও কলকাতার নয়, বরং ঝাড়খণ্ডের রাঁচির একটি ঘটনার। এই তথ্য সামনে আসতেই রাজনৈতিক বিতর্ক

নতুন মাত্রা পায়। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিষয়টি নিয়ে কড়া প্রতিক্রিয়া দেন রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ। তিনি বলেন, যারা ভুয়ো ভিডিও ছড়িয়ে বাংলাকে বদনাম করছে তাঁরা অ্যান্টি সোশাল। এদের গ্রেপ্তার করা উচিত। করাও হবে। এই ঘটনার পর কলকাতা পুলিশের সদর দফতর লালবাজারে সৃজন ভট্টাচার্য, দেবাঞ্জন দে-সহ তিনজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ দায়েরের খবর প্রকাশ্যে আসতেই রাজনৈতিক মহলে নতুন করে চর্চা শুরু হয়েছে। যদিও এই অভিযোগকে ঘিরে নিজেদের অবস্থানও স্পষ্ট করেছেন বাম নেতা সৃজন ভট্টাচার্য। সৃজন ভট্টাচার্য জানান, আমরা পরে ফ্যাক্ট চেক করে জানতে পেরেছি ভিডিওটা মৌলালির নয়। তবে এটাও ঠিক যে ভিডিওটি কিন্তু মিথ্যে নয়। ওই ঘটনা ঘটেছে। মিছিলকে লক্ষ্য করে বিজেপির লোকেরা টমেটো, ইট ছুঁড়েছে। ঘটনাটি যেখানেই ঘটে থাকুন তা একইরকম নিন্দনীয়। এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যের রাজনৈতিক মহলে ফের শুরু হয়েছে তীব্র বাকযুদ্ধ। একদিকে ভুয়ো তথ্য প্রচারের অভিযোগ তুলে কড়া পদক্ষেপের দাবি জানাচ্ছে শাসকপক্ষ, অন্যদিকে ভিডিওর অবস্থান ভুল হলেও মূল ঘটনার নিন্দা থেকে সরে আসছে না বাম নেতৃত্ব। ফলে ধর্মতলার আন্দোলনের রেশ কাটার আগেই এবার ভাইরাল ভিডিওকে ঘিরে নতুন রাজনৈতিক সংঘাত আরও জোরালো হয়ে উঠেছে।

ব্যান্ডেলের তৃণমূল নেতা দিলীপ রাম খুনে সাত অভিযুক্তের যাবজ্জীবন চুঁচুড়া আদালতের ঐতিহাসিক রায়

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ২৯ জুলাই ঃ দীর্ঘ আইনি প্রক্রিয়ার পর অবশেষে ব্যান্ডেলের তৃণমূল নেতা দিলীপ রাম খুন মামলায.গুরুত্বপূর্ণ রায.দিল আদালত। প্রায.সাত বছর আগে প্রকাশ্য দিবালোকে সংঘটিত

এই বহুচর্চিত হত্যাকাণ্ডে দোষী সাব্যস্ত সাত অভিযুক্তকেই যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছে হুগলির চুঁচুড়ার তৃতীয়. অতিরিক্ত জেলা ও দায়রা আদালত। বুধবার বিচারক কৌস্তুভ মুখোপাধ্যায. এই সাজা ঘোষণা করেন। আদালতের রায.প্রকাশ্যে আসতেই নিহত তৃণমূল নেতার পরিবার একদিকে সন্তোষ প্রকাশ করলেও, মূল ষড়যন্ত্রকারীদের দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায.আনার দাবি তুলেছে। আদালতের নির্দেশে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন মহম্মদ নাসিম ওরফে গুড্ডু, সাদ্দাম হোসেন, মঙ্গল যাদব, বৈজনাথ রায. ওরফে হেডেক, মহম্মদ আকবর, মহম্মদ শানু এবং মহম্মদ মানু। মামলার তদন্ত চলাকালীন এই সাতজনই বিচারবিভাগীয.হেফাজতে ছিলেন। দীর্ঘ শুনানি ও সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে আদালত তাঁদের বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হয়েছে বলে রাযে.উল্লেখ করে। ঘটনার সূত্রপাত ২০১৯ সালের ২৯ জুন। সেদিন সকালে প্রতিদিনের মতো কর্মস্থলে যাওয়ার উদ্দেশ্যে ব্যান্ডেল স্টেশনের পাঁচ নম্বর প্ল্যাটফর্মে উঠছিলেন দিলীপ রাম। সেই সময. খুব কাছ থেকে তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয। গুলিবিদ্ধ হযে. ঘটনাস্থলেই মৃত্যু হয.তাঁর। রেলকর্মী হিসেবে নৈহাটিতে কর্মরত ছিলেন দিলীপ রাম। প্রকাশ্য রেলস্টেশনে এই হত্যাকাণ্ড ঘিরে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছিল। সেই সময.তাঁর স্ত্রী ঋতু সিংহ ব্যান্ডেল গ্রাম পঞ্চাযেতের প্রধান ছিলেন। তাঁর দাযের করা অভিযোগের ভিত্তিতেই পুলিশ তদন্ত শুরু করে এবং একে একে অভিযুক্তদের গ্রেপ্তার করা হয। সরকারি পক্ষের আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায. জানান, তদন্তকারী আধিকারিক নির্ধারিত ৯০ দিনের মধ্যেই চার্জশিট জমা দেন। মামলার শুনানিতে মোট ৩৯ জন সাক্ষীর বযান গ্রহণ করা হয। আদালতে উপস্থাপিত প্রত্যক্ষদর্শীদের সাক্ষ্য, ফরেন্সিক রিপোর্ট এবং উদ্ধার হওয়া. আগ্নেযাস্ত্রের সঙ্গে নিহতের শরীর থেকে উদ্ধার হওয়া.গুলির মিল-এই সমস্ত তথ্যপ্রমাণ বিচারকের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ হযে. ওঠে। সরকারি আইনজীবীর দাবি, সমস্ত প্রমাণই স্পষ্টভাবে দেখিয়েছে যে পরিকল্পনা করেই দিলীপ রামকে খুন করা হয়েছিল এবং সেই ষড়যন্ত্র বাস্তবাযনে অভিযুক্তরা সক্রিয. ভূমিকা নিয়েছিল। তদন্তে উঠে আসে, জমি সংক্রান্ত বিবাদের জেরেই এই হত্যাকাণ্ডের ছক কষা হয়েছিল। পুলিশ ও আদালত সূত্রের দাবি, স্থানীয.এক মাদক কারবারি সমুঃিদ্র যাদব ওরফে শকুন্তলা দেবীর সঙ্গে দিলীপ রামের দীর্ঘদিনের বিরোধ ছিল। অভিযোগ, দিলীপকে পথ থেকে সরিযে.দিতে তিন লক্ষ টাকার বিনিমযে.ভাড়াটে খুনিদের নিযোগ করা হয। তদন্তে আরও জানা যায, দিলীপ প্রতিদিন কোন সমযে.এবং কোন প্ল্যাটফর্ম থেকে ট্রেনে উঠতেন, সেই তথ্য আগে থেকেই সংগ্রহ করেছিল অভিযুক্তরা। সেই পরিকল্পনা অনুযাযী. ২০১৯ সালের ২৯ জুন সকালে স্টেশনে পৌঁছতেই তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয। রায.ঘোষণার পর নিহতের স্ত্রী ঋতু সিংহ বলেন, তাঁরা মৃত্যুদণ্ডের প্রত্যাশা করেছিলেন। যদিও আদালতের রায. এবং সরকারি আইনজীবীর ভূমিকা নিযে.তিনি সন্তোষ প্রকাশ করেন। একই সঙ্গে তিনি দাবি করেন, এই মামলার আরও কযেকজন অভিযুক্ত এখনও পলাতক রযেছেন। তাঁদের দ্রুত গ্রেপ্তার করে বিচারের মুখোমুখি করা হোক। সরকারি আইনজীবীও জানান, হত্যার মূল ষড়যন্ত্রকারী হিসেবে অভিযুক্ত শকুন্তলা দেবী এবং তাঁর পুত্রের বিরুদ্ধে ইতিমধ্যেই চার্জশিট দাখিল হয়েছে। তাঁরা এখনও অধরা থাকলেও গ্রেপ্তার হওযার পর আইন অনুযাযী. তাঁদের বিচারপ্রক্রিযা.ও শুরু হবে। আদালতের এই রাযকে দিলীপ রাম হত্যা মামলায. একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলেই মনে করছে আইনজীবী মহল।

বারুইপুর পুরসভার একাধিক ওয়ার্ড জলমগ্ন, তাই পুরসভার সামনে বিক্ষোভ বিজেপির

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,বারুইপুর, ২৯ জুলাই ঃ তৃনমূল পরিচালিত বারুইপুর পুরসভার ১৭ টি ওয়ার্ডের অধিকাংশ ওয়ার্ডেই জমা জলের সমস্যায় ভোগে প্রতি বছর। ভারী বৃষ্টি হলেই জল জমে অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয় প্রায় রাস্তায়। এমনকি শুধু রাস্তা নয় সেই জল বাড়িতে ও ঢোকে। রাজ্যে সরকার পরিবর্তনের পরেই এবার পুর এলাকায় এই বেহাল জল নিকাশি নিয়ে এবার সরব বারুইপুরের বিজেপির নেতৃত্ব। মঙ্গলবার বারুইপুর পুরসভার গেটের সামনে ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপির নেতৃত্বরা। বারুইপুর পশ্চিম নগর মন্ডল এর মহিলা মোর্চার নেতৃত্বে এই বিক্ষোভ ঘেরাও কর্মসূচী হয়। হাজির ছিল প্রচুর মহিলা কর্মী। বারুইপুর পশ্চিম ১ নম্বর মন্ডলের সভাপতি গৌতম চক্রবর্তী এদিন বলেন, জলনিকাশি সমস্যার বিষয়ে এর আগেও দু'বার পুরসভাকে স্মারকলিপি দেওয়া হয়েছিল। কিন্তু কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। তাঁর অভিযোগ, সামান্য ভারী বৃষ্টিতেই বিভিন্ন ওয়ার্ডে জল জমে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। দ্রুত এই সমস্যার সমাধান না হলে যেসব ওয়ার্ডে জল জমছে,সেসব এলাকার কাউন্সিলারদের বাড়ির সামনে বিক্ষোভ ও ঘেরা ও কর্মসূচি করা হবে।এদিনজল নিকাশি সমস্যার পাশাপাশি পুরসভার পানীয় জলের মান নিয়েও সরব হন বিজেপি নেতৃত্ব। বিক্ষোভস্থলে একটি বোতলে নোংরা জল দেখিয়ে তাঁদের দাবি, বহু এলাকায় এখনও দূষিত পানীয় জল সরবরাহ করা হচ্ছে। এই অবস্থার পরিবর্তন না হলে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানকে সেই জলই পান করতে দেওয়া হবে বলে প্রতীকী প্রতিবাদের হুঁশিয়ারি দেন তাঁরা।

ডেঙ্গু প্রতিরোধে নতুন উদ্যোগ, সরকারি স্কুলে বদলাচ্ছে ইউনিফর্মের নিয়ম

নিজস্ব সংবাদদাতা,কলকাতা, ২৯ জুলাই ঃ বর্ষাকাল এলেই রাজ্যে ডেঙ্গুর প্রকোপ বাড়তে শুরু করে। প্রতি বছরই জুলাই থেকে ডিসেম্বর মাস পর্যন্ত মশাবাহিত এই রোগের সংক্রমণ উদ্বেগ বাড়ায. স্বাস্থ্য দপ্তরের। সেই পরিস্থিতির মোকাবিলায.এবার অভিনব উদ্যোগ নিল রাজ্য সরকার। ডেঙ্গুর সংক্রমণ থেকে পড়ুযা.দের সুরক্ষিত রাখতে সরকারি স্কুলের ইউনিফর্মে গুরুত্বপূর্ণ পরিবর্তনের সিদ্ধান্ত নেওযা. হয়েছে। বুধবার স্বাস্থ্যভবনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত এক বিশেষ বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। স্বাস্থ্যমন্ত্রী জানান, প্রতি বছর জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত টানা ছয.মাস সরকারি স্কুলের ছাত্রদের ফুলহাতা শার্ট এবং ফুলপ্যাঃট পরতে হবে। একই সঙ্গে ছাত্রীদের ক্ষেত্রেও এমন পোশাক পরার পরামর্শ দেওযা. হয়েছে যাতে পা সম্পূর্ণভাবে ঢাকা থাকে। যদি কোনও স্কুলে স্কার্ট ইউনিফর্ম হিসেবে নির্ধারিত থাকে, সেক্ষেত্রেও এমন ব্যবস্থা করতে হবে যাতে মশার কামড় থেকে পড়ুযা.দের শরীর যথাসম্ভব সুরক্ষিত থাকে। স্বাস্থ্য দপ্তরের মতে, শরীরের খোলা অংশ যত কম থাকবে, ডেঙ্গুবাহী এডিস মশার কামড়ের ঝুঁকিও ততটাই কমবে। বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী স্পষ্ট করে জানান, এই সিদ্ধান্তের মূল লক্ষ্য হল স্কুলপড়ুযা. শিশুদের ডেঙ্গুর সংক্রমণ থেকে রক্ষা করা। বর্ষাকালে স্কুলে যাতাযা.ত, খেলার মাঠ কিংবা খোলা পরিবেশে দীর্ঘ সময.কাটানোর কারণে শিশুদের সংক্রমণের ঝুঁকি তুলনামূলক বেশি থাকে। সেই কারণেই ইউনিফর্মে এই

পরিবর্তনের সিদ্ধান্ত নেওযা. হয়েছে। খুব শীঘ্রই এই বিষযে.আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে বলেও তিনি জানান। সরকারি স্কুলের পাশাপাশি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলির ক্ষেত্রেও একই ধরনের পোশাকবিধি চালুর আবেদন জানাবে রাজ্য সরকার। তবে বেসরকারি স্কুলগুলির ক্ষেত্রে এই সিদ্ধান্ত বাধ্যতামূলক করা হচ্ছে না। সরকারের পক্ষ থেকে বিষযটির গুরুত্ব বোঝানো হবে এবং ডেঙ্গু প্রতিরোধে সহযোগিতার আহ্বান জানানো হবে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত নেওযা.র অধিকার সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের হাতেই থাকবে। অর্থা কোনও বেসরকারি স্কুল চাইলে এই নির্দেশিকা অনুসরণ করতে পারে, আবার নিজেদের নীতিমাফিক সিদ্ধান্তও নিতে পারে। প্রতিবছর রাজ্যের বিভিন্ন জেলায. ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে দেখা যায। অনেক ক্ষেত্রে প্রাথমিক পর্যাযে. রোগ ধরা না পড়ায. পরিস্থিতি জটিল হযে.ওঠে এবং প্রাণহানির ঘটনাও ঘটে। তাই সংক্রমণ কমাতে সচেতনতার পাশাপাশি প্রতিরোধমূলক ব্যবস্থার উপর বিশেষ জোর দিচ্ছে স্বাস্থ্য দপ্তর। ইউনিফর্মে এই পরিবর্তন সেই উদ্যোগেরই একটি গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করা হচ্ছে। ইতিমধ্যেই এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন বহু অভিভাবক। তাঁদের মতে, শিশুদের স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে এমন উদ্যোগ সমযো.পযোগী এবং প্রযো.জনীয।

মাদক বিরোধী সচেতনতা অভিযান কর্মসূচি

নিজস্ব সংবাদদাতা,জয়নগর, ২৯ জুলাই ঃ বারুইপুর পুলিশ জেলার জয়নগর বিধানসভার বকুলতলা থানার ময়দার মোড়ে বৃহস্পতিবার বিকালে মাদক বিরোধী সচেতনতা অভিযান কর্মসূচি পালন করা হলো।এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারুইপুর পুলিশ জেলার ডি এস পি প্রশাসক আতা রহমান, জয়নগর সি আই সমিত ভট্টাচার্য, বকুলতলা থানার ওসি শান্তনু বিশ্বাস, বারুইপুর সাইবার ক্রাইম সেলের এল এস আই সন্ধ্যা মোকতান,এস আইপ্রীতম দাস সহ আরো অনেকে।এদিন বক্তারা বলেন,মাদক নষ্ট করে জীবন ধ্বংস করে,পরিবার অন্ধকার করে।এদিনের এই মাদক বিরোধী সচেতনতা অভিযান থেকে শপথ নেওয়া হয় মাদককে না বলে জীবনকে হ্যাঁ বলতে হবে।মাদক প্রথমে সাময়িক সুখ দেয়,কিন্তু আপনার স্বাস্থ্য, সুখ ও ভবিষ্যকে চিরতরে ধ্বংস করে দেয়।মাদকমুক্ত সমাজ গড়তে একসাথে লড়াই করার আহবান জানানো হয় এদিন। এদিন মাদকের পাশাপাশি সাইবার ক্রাইমের সচেতনতার উপর ও আলোকপাত করা হয়। উল্লেখ্য,গত রবিবার এই এলাকায় একটি ৬৫ বছরের বৃদ্ধা গণ ধর্ষণের শিকার হন।

বেআইনি ভাবে দেশী মদ বিক্রি, গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা,জয়নগর, ২৯ জুলাই ঃ বারুইপুর কান্ডের পর মুখ্যমন্ত্রীর নির্দেশে তৎপর হয়েছে পুলিশ। আর তাই জয়নগর থানার আই সি অমিত হালদারের নির্দেশে জয়নগর থানার এস আই শান্তনু ব্যাস,এ এস আই বিশ্বজি সরকার,এ এস আই সৌমিত্র ঘোষ সহ পুলিশ টিম বুধবার রাতে জয়নগর থানার গাববেড়িয়া বাজার এলাকা থেকে বেআইনি ভাবে দেশী মদ বিক্রির অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে।ধৃতের নাম বিজয় মন্ডল (৩৩),বাড়ি জয়নগর থানার চালতাবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের গাববেড়িয়া এলাকায়। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে ৯৯ পিস ৬০০ এম এল এর বাংলা মদ,২৩ পিস ৩৭৫ এম এল এর বাংলা মদ,৩ পিস ৭৫০ এম এল,৩ পিস ৫০০ এম এল, ১৯ পিস ১৮০ এম এল ও ৬ পিস ৩৫০ এম এল এর বাংলা মদের বোতল । ধৃতকে বেআইনি ভাবে দেশি মদ বিক্রির অভিযোগে গ্রেফতার করে পুলিশ। ধৃতকে বৃহস্পতিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করবে পুলিশ।

বাসন্তিতে সবুজ বাঁচাও অভিযানের মায়েদের কিট তুলে দিল এনএসএফ

নিজস্ব সংবাদদাতা, বাসন্তী,২৯ জুলাই ঃ ঠিক যে মুহূর্তে আধুনিক সভ্যতার চরম উন্নতির শিখরের পর্বে এসে সমগ্র পৃথিবী কলরীত, কিন্তু সেই জায়গায় দাঁড়িয়ে বর্তমানে পরিবেশেগত জীব বৈচিত্র্যের যে ধারাবাহিকতা বিপন্ন হতে বসেছে ঠিক সেই মুহূর্তে নেতাজি সেবা ফাউন্ডেশন এর উদ্যোগে এবং গুঞ্জের সহযোগিতায় নেতাজি সেবা ফাউন্ডেশন এর বাসন্তী ইউনিটের তত্ত্বাবধানে গ্রাম বাংলায় পরিবেশের ভারসাম্য রক্ষা তথা সামাজিক বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে এক অনন্য নজির তুলে ধরা হলো। যে কর্মধারার সূচিতে ছিল একটি গাছ মায়ের নামে বৃক্ষরোপণ, আগাছা পরিস্কার, গ্রামীন শস্য চাষ' বিশ্রামাগার নির্মাণ আবদ্ধ জলাশয় এর বাস্তুতান্ত্রিক ভারসাম্য রক্ষা, গ্রাম বাংলার মেঠো পথ রিপেয়ারিং, বিদ্যালয়ের পারিপার্শ্বিক পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি। গ্রামের মায়েদের স্বেচ্ছা শ্রমের মাধ্যমে এই কাজ বাসন্তীর কয়েকটি গ্রামে শুরু হয়েছে। এই সমস্ত মায়েদের হাতে গুঞ্জের সহযোগিতায় একটি করে ফ্যামিলি কিট তুলে দেওয়া হয়। এবং আগামী দিনে তারা এই ধরনের সামাজিক বিভিন্ন কাজে যাতে অংশগ্রহণ করতে পারে এবং সমাজের মাধ্যমে একটা নতুন বার্তা তুলে ধরতে পারে তার একটা আশা তারা রাখেন। এবং সর্বশেষ বাসন্তী ইউনিটের যে সমস্ত মায়েরা এই কাজে অংশগ্রহণ করে তারা তাদের পক্ষ থেকে নেতাজি সেবা ফাউন্ডেশন এর প্রেসিডেন্ট শ্রী আসিস বিশ্বাস এবং সম্পাদক ড. শান্তনু বেরা ও ইউনিট ইনচার্জ প্রসেনজিৎ বর্মন মহাশয়কে আন্তরিক শুভেচ্ছা এবং ধন্যবাদ জানান। সেই সাথে সাথে গুঞ্জের প্রেসিডেন্ট এবং সম্পাদককেও ধন্যবাদ জ্ঞাপন করেন।

সি এ এ সহায়তা কেন্দ্রের উদ্বোধন করলেন গোসাবার বিধায়ক

নিজস্ব সংবাদদাতা,কুলতলিঃ কুলতলিতে সি এ এ সহাযতা কেন্দ্রের উদ্বোধন করলেন বিধায়ক বিকর্ণ নস্কর ও বিজেপি জেলা সভাপতি উৎপল নস্কর। নাগরিকত্ব সংশোধনী আইন (সি এএ) নিয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং আইনি সহায়তা পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে কুলতলিতে একটি বিশেষ সহায়তা কেন্দ্র উদ্বোধন করা হলো মঙ্গলবার।বিজেপির জয়নগর সাংগঠনিক জেলা সভাপতির জালাবে।য়িার কার্যালয়ে এই শিবিরের সূচনা হয়।এদিন এই কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোসাবা বিধানসভার বিধায়ক বিকর্ণ নস্কর,বিজেপির জয়নগর সাংগঠনিক জেলা সভাপতি উপল নস্কর, বিজেপির কুলতলি বিধানসভার কনভেনার উত্তম হালদার সহ এলাকার বিশিষ্ট নেতৃত্ব।